

হিসাব মেলে না হাবিপ্রবি শিক্ষার্থীদের

হাবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ১৩ মে ২০২৩, ১৭:৪৫



খাবার হোটেলে গতকাল রাতে ভাতের দাম বাড়ানো নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে এক হোটেলমালিকের বাগ্বিতণ্ডা হয়। এর জেরে শনিবার (১৩ মে) সকাল থেকে সব খাবার হোটেল ও দোকানপাট বন্ধ রাখে হোটেল মালিক এবং ব্যবসায়ীরা। পরে এর প্রতিবাদে সড়ক অবরোধ করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শনিবার বেলা সাড়ে ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ঢাকা- দিনাজপুর মহাসড়কে দেড় ঘণ্টা ধরে এ কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। সড়ক অবরোধ করায় কয়েকশ যানবাহন আটকা পড়ে। এই কর্মসূচিতে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বাঁশেরহাট বাজারের হোটেলগুলোতে উচ্চমূল্যে খাবার বিক্রি, মেসগুলোতে অতিরিক্তি ভাড়া নেওয়ার বিষয়গুলো উঠে এসেছে।

এসময় শিক্ষার্থীরা বলেন, আমাদের হিসাব মেলে না। বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থান করা শিক্ষার্থীদের মেস ভাড়া এবং খাবার বিলের উচ্চমূল্যের কারণে হিসাব মেলাতে পারছি না। হোটেল মালিকরা, মেস মালিকরা সিভিকিট করে আমাদের রক্ত চুষে নিচ্ছে। তাই বাধ্য হয়ে আমরা প্রতিবাদে নেমেছি।

ওই সময় ঘটনাস্থলে যান বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মামুনুর রশীদ, দিনাজপুর অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) শেখ জিন্নাহ আল মামুন ও কোতোয়াল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তানভীরুল ইসলাম। পরে অবরোধ তুলে নেন শিক্ষার্থীরা।

এবিষয়ে প্রক্টর মামুনুর রশীদ বলেন, বিষয়গুলো নিয়ে খুব দ্রুত স্থানীয় প্রশাসনে ও সব পক্ষকে সঙ্গে নিয়ে আলোচনা করা হবে। সেখানে মেস ভাড়া ও পণ্যসামগ্রীর মূল্যতালিকা নির্ধারণ করা হবে বলে জানান তিনি।